

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি :- সৈয়দা ফেরদৌসী আলম নীলা, চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, রূপগঞ্জ
স্থান :- উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ :- ১৯/১২/২০২৩খ্রিঃ।
সময়ঃ- বেলা :- ১২.০০ ঘটিকা।

আলোচ্য বিষয়ঃ

- ১। বার্ষিক উন্নয়ন কর্মসূচী/জাইকা হতে কৃষি খাতে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ বিষয়ক আলোচনা।
- ২। রবি মৌসুমে আবাদকৃত ফসলের সমস্যা ও সমাধান বিষয়ক আলোচনা।
- ৩। সারের মজুদ পরিস্থিতি
- ৪। বোরো মৌসুমে কৃষকের জমিতে সেচের পানি বন্টন ও এর ন্যয্য মূল্য নিশ্চিত করণ
- ৫। বিবিধ

উপস্থিত সদস্য

স্বাক্ষর

উপস্থিত সদস্য	স্বাক্ষর
১। চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া,	সদস্য স্বাক্ষরিত
২। চেয়ারম্যান, ভূলাতা ইউনিয়ন পরিষদ, ভূলাতা	সদস্য "
৩। চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য "
৪। উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।	সদস্য সচিব "

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে আলোচ্য সূচী উপস্থাপনসহ আলোচনা করার আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে জানান যে, বর্তমানে বাংলাদেশে ব্যাপকভাবে চাষাবাদের ফলে মাটি ক্রমাগতই তার শক্তি হারাচ্ছে ফলে কৃষকগণ অতি মাত্রায় রাসায়নিক সার ব্যবহার করছে। রাসায়নিক সারের ব্যবহার কমিয়ে তথা মাটির স্বাস্থ্য রক্ষার জন্য মাটিতে উপযুক্ত পরিমাণে জৈব বা কম্পোস্ট সার ব্যবহার করা প্রয়োজন। কৃষকদের উদ্বুদ্ধকরণ, উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কম্পোস্ট সার উৎপাদন বাড়ানো সম্ভব। এতে একদিকে মাটির স্বাস্থ্য রক্ষা পাবে অন্য দিকে রাসায়নিক সারের ব্যবহার কমবে। এতে আমাদের দেশের মাটি এবং পরিবেশ দুটোই রক্ষা হবে। শীতকালীন সবজি আবাদ চলমান রয়েছে এবং বোরো ধানের বীজতলা তৈরির কাজ অব্যাহত আছে। পাশাপাশি বোরো ধান রোপন আরম্ভ হচ্ছে। বোরো মৌসুমে কৃষকের জমিতে সেচের পানি বন্টন ও এর ন্যয্য মূল্য নিশ্চিত করণের জন্য যোগাযোগ রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

অতপর সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। তারা মত প্রকাশ করেন যে, এ বৎসর অর্থাৎ ২০২৩- ২৪ অর্থ বছরে কৃষিখাতে এডিপি/জাইকার অর্থায়ন বৃদ্ধি করা প্রয়োজন। কৃষকদের উদ্বুদ্ধকরণ, উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জৈব সার ব্যবহার বৃদ্ধির বিষয়ে সচেতন করা সম্ভব। কাজেই এ বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ- সভায় সর্বসম্মতি জন্মে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

- ১। এডিপির অর্থায়নে ৬০ জন কৃষককে পারিবারিক সবজি, ফল বাগান সৃজন ও নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ করার প্রস্তাব গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সৈয়দা ফেরদৌসী আলম নীলা)
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
ও
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং ১৬২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, রূপগঞ্জ।
- ২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৩। অফিস কপি।

তারিখঃ ১৯/১২/২০২৩খ্রিঃ।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।